নথি অফিসঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
নথি শাখাঃ মডস জোন-২

মুদ্রনকারীঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা), মডস জোন-২

নথি নম্বর: **৪৬.০৫.০০০০.৪০৫.৩৯.১৪০.২৩** নথির বিষয়: মডস জোন-২ এর আওতাধীন বিভিন্ন এলাকায় বিদ্যমান স্যুয়ার লাইনের ৩য় পর্যায়ে মাস্ ক্লিনিং কাজের জন্য প্রয়োজনীয় মালামাল/যন্তপাতি সংগ্রহ কাজের জন্য "অস্থায়ী অগ্রীম" অনুমোদন প্রসঙ্গে।

নোট: ১ নোটের বিষয়: **মডস জোন-২ এর আওতাধীন বিভিন্ন এলাকায় বিদ্যমান স্যুয়ার লাইনের ৩য় পর্যায়ে মাস্ ক্লিনিং কাজের জন্য প্রয়োজনীয় মালামাল/যন্তপাতি সংগ্রহ কাজের জন্য "অস্থায়ী অগ্রীম" অনুমোদন প্রসঙ্গে।**

অনুচ্ছেদ ১.০ - তারিখঃ ১৯/১২/২৩ ৪:২৬ অপরাহ্ন

উপরোক্ত বিষয়ের প্রেক্ষিতে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মডস্ জোন-২ এর আওতাধীন বিভিন্ন এলাকায় ১৬২ কি.মি. দীর্ঘ বিভিন্ন ব্যাসের পয়ঃ লাইন বিদ্যমান রয়েছে। উক্ত লাইনগুলি বহু পুরাতন এবং ছোট ছোট অলি গলিতে লাইন থাকায় নিরবিচ্ছিন্ন পয়ঃ প্রবাহ রাখার প্রয়োজন হয়। ঘনবসতিপূর্ণ এলাকা এবং অপ্রতুল ব্যাসের পয়ঃ লাইন হওয়ায় প্রায়ই লাইনে ব্লক দেখা দেয়। বাৎসরিক পয়ঃ লাইন পরিস্কার করা হলে সারা বছর অভিযোগ কম থাকে। বিদ্যমান পয়ঃলাইন সচল রাখার জন্য প্রতি বছর মাস ক্লিনিং কাজ করা আবশ্যক। ইতিমধ্যে Force Account এর মাধ্যেমে দৈনিক ভিত্তিক শ্রমিক নিয়োগ করে ৩য় পর্যায়ের মাস্ ক্লিনিং কাজ সম্পাদন করার জন্য উপস্থাপিত নথি যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদন হয়েছে। ৩য় পর্যায়ের মাস্ ক্লিনিং কাজ করার জন্য আনুষাঙ্গিক মালামাল ও যন্ত্রপাতি ক্রয় করা প্রয়োজন। সেই লক্ষ্যে প্রয়োজনীয় মালামাল ক্রয় করার জন্য পূর্বে অনুমোদিত দর অনুযায়ী একটি প্রাক্কলন প্রস্তুত করা হল। যাহাতে সর্বমোট টাকার পরিমান দাড়াইয়াছে টাঃ=২৪,৮২৫/- (চব্বিশ হাজার আটশত পঁচিশ) টাকা মাত্র। উক্ত কাজের ব্যয়ভার অত্র জোনের ২০২৩-২৪ইং অর্থবৎসরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার ক্রমিক নং-৫৪ হতে নির্বাহ করা হবে।

সংযুক্তিসমূহ (৩):
১। ২০২৩-২০২৪ইং অর্থবৎসরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার কপি।.
২। পূর্ব অনুমোদিত দরের কপি।.
৩। প্রাক্কলনের কপি।.

অনুচ্ছেদ ১.১ - তারিখঃ ১৯/১২/২৩ ৪:২৭ অপরাহ্ন

এমতাবস্থায়, অত্র জোনের পয়ঃ নিষ্কাশন ব্যবস্থা সচল রাখার জন্য ৩য় পর্যায়ে মাস ক্লিনিং কাজের জন্য প্রয়োজনীয় মালামাল/যন্তপাতি সংগ্রহ কাজের জন্য পি.পি.আর ২০০৮ এর ৮১(১) ধারায় সরাসরি নগদ ক্রয় পদ্ধতি অনুসরণে কাজটি সম্পন্ন করার নিমিত্তে টাঃ=২৪,৮২৫/-(চব্বিশ হাজার আটশত পঁচিশ) টাকা মাত্র সদয় অনুমোদনের জন্য নথি খানা প্রধান প্রকৌশলী মহোদয় বরাবর প্রেরণ করা যেতে পারে। যা কাজ শেষে ভাউচারের মাধ্যেমে উক্ত ব্যয় সমন্বয় করা হবে।

১৯/১২/২৩ ৪:২৭ অপরাহ্ন মোঃ হিরক আল মামুন উপ-সহকারী প্রকৌশলী মডস জোন-২	১৯/১২/২৩ ৪:৫৬ অপরাহ্ন মোহাম্মদ ইখতিয়ার মাসউদ সহকারী প্রকৌশলী মডস জোন-২	১৯/১২/২৩ ৭:১৭ অপরাহ্ন মোহাম্মদ নজরুল ইসলাম নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব) মডস জোন-২	২০/১২/২৩ ১০:০২ পূর্বাহ্ন মোঃ আব্দুল মজিদ তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চলতি দায়িত্ব) মডস সার্কেল-১

~~২০/১২/২৩ ১০:০২ পূর্বাহ্ন~~
~~মোঃ কামরুল হাসান~~
~~প্রধান প্রকৌশলী~~
~~প্রধান প্রকৌশলী (পরিচলন ও রক্ষণাবেক্ষণ)~~

অনুচ্ছেদ ১.২ - তারিখঃ ২০/১২/২৩ ৬:৪০ অপরাহ্ন

অনুমোদিত

২০/১২/২৩ ৬:৪২ অপরাহ্ন মোঃ কামরুল হাসান প্রধান প্রকৌশলী প্রধান প্রকৌশলী (পরিচলন ও রক্ষণাবেক্ষণ)	২০/১২/২৩ ১১:০০ অপরাহ্ন মোহাম্মদ নজরুল ইসলাম নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব) মডস জোন-২	২১/১২/২৩ ৯:৫২ পূর্বাহ্ন মোঃ হিরক আল মামুন উপ-সহকারী প্রকৌশলী মডস জোন-২